বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোন ঃ ৭১৭৬৬৬৮
পিএবিএক্স ঃ ৯৫৬০০৩১-৩৫/৪৫৩

## শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৭-১৮/ ১০৫৫ তারিখঃ ২৯/০৫/২০১৮ খ্রিঃ

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়,ঢাকা।
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে ছুটিকালীন সময়ে ব্যাংকের নিরাপত্তা বিধান প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। আগামী জুন, ২০১৮ মাসের ১৬/১৭ তারিখে (চাঁদ দেখার উপর নির্ভরশীল) পবিত্র ঈদ-উল-ফিতর উদযাপিত হবে মর্মে আশা করা যাচ্ছে। শব-ই-ক্বদর, জুম্মাতুল বিদা ও পবিত্র ঈদ-উল-ফিতর এর ছুটিসহ সাপ্তাহিক ছুটির কারণে ব্যাংক বন্ধ থাকবে। ঐ সময় শাখা/কার্যালয়ের প্রহরী ব্যতিত অধিকাংশ কর্মকর্তা/কর্মচারী শাখা/কার্যালয়ের বাহিরে অবস্থান করবেন। উক্ত ছুটিকালীন সময় ব্যাংক বন্ধ থাকার কারণে যাতে কোনধরণের অঘটন/দুর্ঘটনা সংঘটিত না হয় সে লক্ষ্যে শাখা/কার্যালয়ের পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৩। শাখা/কার্যালয়ের পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করার জন্য রাজধানীর শাখাগুলোসহ মাঠ পর্যায়ের সকল শাখার দিবা-রাত্রি নিরাপত্তা আরও জোরদার করার লক্ষ্যে সকল শাখা ব্যবস্থাপকসহ সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে নিম্নোক্ত সতর্কতামূলক ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

(১) শব-ই-ক্বদর, জুম্মাতুল বিদা ও পবিত্র ঈদ-উল-ফিতর এর ছুটিসহ সাপ্তাহিক ছুটিকালীন সময় দিন-রাত ২৪ ঘন্টা শাখা/কার্যালয়ের যথাযথ নিরাপত্তা নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে শাখা/কার্যালয়ের প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট প্রহরীর সার্বক্ষণিক উপস্থিতি নিশ্চিতকরণপূর্বক তার সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করবেন।

(২) শাখা/কার্যালয়ের প্রহরী যাতে শাখা/কার্যালয়ে সার্বক্ষণিক অবস্থান করে যথাযথভাবে দায়িত্ব/কর্তব্য পালন করে সে বিষয়ে শাখা/কার্যালয়ের ডিউটি রেজিষ্টার সংরক্ষণ করতঃ ব্যবস্থাপক ও দ্বিতীয় কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যে কোন একজন কর্মস্থলে অবস্থান করে শাখা/কার্যালয়ের নিরাপত্তা নিবিড় তদারকি করবেন যাতে করে সংশ্লিষ্ট প্রহরীর সার্বক্ষণিক উপস্থিতি নিশ্চিতকরা সম্ভব হয়।

(৩) উপরে বর্ণিত ছুটিকালীন সময়ে প্রহরী ব্যতিত কোন পরিচিত বা আত্মীয়-স্বজনসহ কোন অবস্থাতেই শাখার অভ্যন্তরে অবস্থান করতে পারবেন না।

(৪) আলোচ্য ছুটিকালীন সময়ে প্রহরী কোন অবস্থায়ই ব্যাংকের দরজা খোলা রেখে নিকট কিংবা দূরে কোথাও যেতে পারবেন না।

(৫) ব্যাংকের নিরাপত্তাঘন্টা এবং সিসিটিভি(যদি থাকে) সার্বক্ষণিকভাবে সচল রাখতে হবে।

(৬) শব-ই-ক্বদর, জুম্মাতুল বিদা ও পবিত্র ঈদ-উল-ফিতর এর ছুটিসহ সাপ্তাহিক ছুটিকালীন সময়ে শাখার ভল্টে যতটা সম্ভব কম টাকা রাখতে হবে।

(৭) এ সময় শাখা/কার্যালয়ের সকল দরজা/জানালা যথাযথভাবে বন্ধ রাখতে হবে এবং রাতে শাখা/কার্যালয়ের অভ্যন্তরে ও বাহিরে Security Light জ্বালিয়ে রাখতে হবে।

(৮) শাখা/কার্যালয়ে নিরাপত্তার বিষয়ে কোন কর্মকর্তা/কর্মচারীর গাফিলতির কারণে কোন ধরণের অঘটন/দুর্ঘটনা সংঘটিত হলে তার দায়ভার সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর উপর বর্তাবে।

০৪। এমতাবস্থায়, শব-ই-ক্বদর, জুম্মাতুল বিদা ও পবিত্র ঈদ-উল-ফিতর এর ছুটিসহ সাপ্তাহিক ছুটিকালীন সময়ে শাখা/কার্যালয়ের পর্যাপ্ত নিরাপত্তা বিধানের বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো। শাখা/কার্যালয়ের নিরাপত্তাবিধানের সুবিধার্থে নিকটবর্তী/আওতাধীন থানা/পুলিশ ফাঁড়ির ফোন নম্বর প্রহরীদেরকে সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,
২৯/০৫/১৮
(মোঃ মিজানুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৭৪০২৫

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, স্টাফ কলেজ, বিকেবি, মিরপুর, ঢাকা।
০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি অপারেশন বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবি, ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা , বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। নথি/মহানথি।

২৯/০৫/১৮
( মোঃ ইসকান্দার আলী সিকদার )
সহকারী মহাব্যবস্থাপক